# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭১৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১১]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৫: কোন ভাল জিনিসের সুসংবাদ ও তার জন্য মুবারকবাদ জানানো মুস্তাহাব

بَابُ اِسْتِحْبَابِ التَّبْشِيْرِ وَالتَّهْنِئَةِ بِالْخَيْرِ ـ (95)

আরবী

وَعَنِ ابنِ شِمَاسَةَ، قَالَ: حَضَرْنَا عَمْرَو بنَ العَاصِ رضي الله عنه وَهُوَ في سِيَاقَةِ الْمَوْتِ، فَبَكَى طَوِيلاً، وَحَوَّلَ وَجْهَهُ إِلَى الجِدَارِ، فَجَعَلَ ابْنُهُ، يَقُولُ: يَا أَبَتَاهُ، أَمَا بَشَّرَكَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بكَذَا ؟ أمَا بَشَّرَكَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بِكَذَا ؟ فَأَقْبَلَ بِوَجْهِهِ، فَقَالَ: إنَّ أَفْضَلَ مَا نُعِدُّ شَهَادَةُ أنْ لاَ إِلٰهَ إلاَّ الله، وَأَنَّ مُحَمَّداً رَسُولُ اللهِ صلى الله عليه وسلم، إنِّي قَدْ كُنْتُ عَلَى أطْبَاقٍ ثَلاَثٍ: لَقَدْ رَأيْتُنِي وَمَا أحَدٌ أشَدُّ بُغضاً لِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم مِنِّي، وَلاَ أحَبَّ إليَّ مِنْ أنْ أكُونَ قدِ اسْتَمكَنتُ مِنْهُ فَقَتَلْتُهُ، فَلَوْ مُتُّ عَلَى تِلكَ الحَالِ لَكُنْتُ مِنْ أهْلِ النَّارِ، فَلَمَّا جَعَلَ اللهُ الإسلاَمَ في قَلْبِي أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم، فقُلْتُ: أُبسُطْ يَمِينَكَ فَلأُبَايِعْكَ، فَبَسَطَ يَمِينَهُ فَقَبَضْتُ يَدِي، فَقَالَ: « مَا لَكَ يَا عَمْرُو ؟ » قُلتُ: أَرَدتُ أنْ أشْتَرِطَ، قَالَ: « تَشْتَرِطُ مَاذا ؟ » قُلْتُ: أنْ يُغْفَرَ لِي، قَالَ: « أمَا عَلِمْتَ أن الإِسلاَمَ يَهْدِمُ مَا كَانَ قَبْلَهُ، وَأن الهِجْرَةَ تَهْدِمُ مَا كَانَ قبلَهَا، وَأنَّ الحَجَّ يَهْدِمُ مَا كَانَ قَبْلَهُ ؟ ». وَمَا كَانَ أحدٌ أحَبَّ إليَّ مِنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، وَلاَ أجَلَّ في عَينِي مِنْهُ وَمَا كُنْتُ أُطِيقُ أَن أَملأُ عَينَيَّ مِنْهُ ؛ إجلالاً لَهُ، وَلَو سُئِلتُ أَن أَصِفَهُ مَا أَطَقتُ ؛ لأَنِّي لَمْ أَكُن أَملأُ عَينَيَّ مِنْهُ، وَلَو مُتُّ عَلَى تِلْكَ الحَالِ لَرجَوْتُ أَن أكُونَ مِنْ أَهْلِ الجَنَّةِ، ثُمَّ وَلِينَا أَشْيَاءَ مَا أدْرِي مَا حَالِي فِيهَا ؟ فَإِذَا أنَا مُتُّ فَلاَ تَصحَبَنِّي نَائِحَةٌ وَلاَ نَارٌ، فَإِذَا دَفَنْتُمُونِي، فَشُنُّوا عَلَيَّ التُّرَابَ شَنّاً، ثُمَّ أَقِيمُوا حَوْلَ قَبْرِي قَدْرَ مَا تُنْحَرُ جَزورٌ، وَيُقْسَمُ لَحمُهَا، حَتَّى أَسْتَأنِسَ بِكُمْ، وَأنْظُرَ مَا أُرَاجِعُ بِهِ رُسُلَ رَبِّي . رواه مسلم .

বাংলা

৪/৭১৬। ইবনে শিমাসাহ হতে বর্ণিত, তিনি বলেন, ’আমর ইবনে ’আস রাদিয়াল্লাহু ’আনহু-এর মরণোন্মুখ সময়ে আমরা তাঁর নিকটে উপস্থিত হলাম। তিনি অনেকক্ষণ ধরে কাঁদতে থাকলেন এবং দেওয়ালের দিকে মুখ ফিরিয়ে নিলেন। এরূপ অবস্থা দেখে তাঁর এক ছেলে বলল, ’আব্বাজান! আপনাকে কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অমুক জিনিসের সুসংবাদ দেননি? আপনাকে কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অমুক জিনিসের সুসংবাদ দেননি?’ এ কথা শুনে তিনি তাঁর চেহারা সামনের দিকে করে বললেন, আমাদের সর্বোত্তম পুঁজি হল, এই সাক্ষ্য প্রদান করা যে, আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল। আমি তিনটি স্তর অতিক্রম করেছি। (এক) আমার চেয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি বড় বিদ্বেষী আর কেউ ছিল না। তাঁকে হত্যা করার ক্ষমতা অর্জন করাই ছিল আমার তৎকালীন সর্বাধিক প্রিয় বাসনা। যদি (দুর্ভাগ্যক্রমে) তখন মারা যেতাম, তাহলে নিঃসন্দেহে আমি জাহান্নামী হতাম।

(দুই) তারপর যখন আল্লাহ তা’আলা আমার অন্তরে ইসলাম প্রক্ষিপ্ত করলেন, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হাযির হয়ে নিবেদন করলাম, ’আপনার ডান হাত প্রসারিত করুন। আমি আপনার হাতে বায়’আত করতে চাই।’ বস্তুত তিনি ডান হাত বাড়িয়ে দিলেন। কিন্তু আমি আমার হাত টেনে নিলাম। তিনি বললেন, ’’আমর! কী ব্যাপার?’’ আমি নিবেদন করলাম, ’একটি শর্ত আরোপ করতে চাই।’ তিনি বললেন, ’’শর্তটি কী?’’ আমি বললাম, ’আমাকে ক্ষমা করা হোক---শুধু এতটুকুই।’ তিনি বললেন, ’’তুমি কি জানো না যে, ইসলাম পূর্বের সমস্ত পাপরাশিকে মিটিয়ে দেয়, হিজরত পূর্বের সমস্ত পাপরাশিকে নিশ্চিহ্ন করে ফেলে এবং হজ্জও পূর্বের পাপসমূহ ধ্বংস করে দেয়?’’

তখন থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপেক্ষা অধিক প্রিয় মানুষ আর কেউ নেই। আর আমার দৃষ্টিতে তাঁর চেয়ে সম্মানীয় ব্যক্তি আর কেউ নেই। তাঁকে সম্মান ও শ্রদ্ধাজ্ঞাপন করার অবস্থা এরূপ ছিল যে, তাঁর দিকে নয়নভরে তাকাতে পারতাম না। যার ফলে আমাকে কেউ যদি প্রশ্ন করে যে, ’আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর গঠনাকৃতি কিরূপ ছিল?’ তাহলে আমি তা বলতে পারব না। এ অবস্থায় যদি আমার মৃত্যু হয়ে যেত, তাহলে আশা ছিল যে, আমি জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত হতাম।

(তিন) তারপর বহু দায়িত্বপূর্ণ বিষয়াদির খপ্পরে পড়লাম। জানি না, তাতে আমার অবস্থা কী? সুতরাং আমি মারা গেলে কোন মাতমকারিণী অথবা আগুন যেন অবশ্যই আমার (জানাযার) সাথে না থাকে। তারপর যখন আমাকে দাফন করবে, তখন যেন তোমরা আমার কবরে অল্প অল্প করে মাটি দেবে। অতঃপর একটি উট যবেহ করে তার মাংস বণ্টন করার সময় পরিমাণ আমার কবরের পাশে অপেক্ষা করবে। যাতে আমি তোমাদের সাহায্যে নিঃসঙ্গতা দূর করতে পারি এবং আমার প্রভুর প্রেরিত ফিরিশ্তাদের সঙ্গে কিরূপ বাক্-বিনিময় করি, তা দেখে নই। (মুসলিম)[1]

## English

(95) Chapter: Excellence of Conveying Glad Tidings and Congratulations

Ibn Shumasah reported:
We visited 'Amr bin Al-'as (May Allah be pleased with him) when he was in his deathbed. He wept for a long time and turned his face towards the wall. His son said: "O father, did not the Messenger of Allah (ﷺ) give you the good news of such and such? Did he not give you glad tidings of such and such?" Then he ('Amr) turned his face towards us and said: "The best thing which you can count upon is the affirmation that: La ilaha illallah (there is no true god except Allah), and that Muhammad is the Messenger of Allah. I have passed through three phases. I remember when I hated none more than I hated the Messenger of Allah (ﷺ), and there was no other desire stronger in me than that of killing him. Had I died in that state, I would have definitely been one of the dwellers of Fire (Hell). When Allah instilled the love for Islam in my heart, I went to Messenger of Allah (ﷺ) and said, 'Extend your right hand, so that I pledge allegiance to you.' He (ﷺ) stretched out his right hand, but I withdrew my hand. He said, 'What is the matter, 'Amr?' I said, 'I wish to lay down same conditions.' He asked, 'What conditions do you wish to put forward?' I replied, 'To be granted forgiveness.' He said, 'Do you not know that (embracing) Islam wipes out all that has gone before it (previous misdeeds). Verily, emigration wipes out all the previous sins, and the Hajj (pilgrimage) wipes out all the previous sins.' Thereafter, no one was dearer to me than Messenger of Allah (ﷺ), and none was more respectable than him in my eyes. So bright was his splendour that I could not gather enough courage to look at his face for any length of time. If I were asked to describe his feature, I would not be able to do so because I have never caught a full glimpse of his face. Had I died in that state I could have hoped to be one of the dwellers of Jannah. Thereafter, we were made responsible for many things and in the light of which I am unable to know what is in store for me. When I die, no mourner, nor fire should accompany my bier. When you bury me, throw the earth gently over me and stand over my grave for the space of time within which a camel is slaughtered and its meat is distributed so that I may enjoy your intimacy, and in your presence ascertain what answer can I give to the Messengers of my Rubb (the angels in grave)."

[Muslim].

Commentary: This Hadith tells us about three phases of the life of `Amr bin Al-`as (May Allah be pleased with him), that is, pre-Islamic period, post-faith period and the governorship period. Of the last one, when he shouldered

heavy responsibilities, he feared that he might have committed some lapses and for that he might be subjected to accountability before Allah. The Hadith invites our attention to the following points:
First, Amr's vehement hostility of pre-faith days was transformed into intense love for the Prophet (PBUH) upon embracing Islam. Second, the greatness of the Prophet (PBUH) was ingrained in the Companions' hearts. Third, the fear of error and the hope of Divine mercy may cause one to shed tears at the moment of death. Fourth, it is desirable on the part of relatives and friends to do something for the comfort of a dying person by giving him the glad tidings of Allah's Mercy. Fifth, Islam wipes out all previous sins, but afterwards, life should be led according to the dictates of true Faith. In the same way the minor sins are pardoned on account of Hijrah, and Hajj, but a sincere repentance with all its conditions is indispensable to the remission of major sins. Sixth, lamentation over a dead body is forbidden. Seventh, one may desirably make a will before death, particularly with regard to the anti-Shari`ah heresies and rites to which the bereaved people are likely to take recourse. Eighth, there is an affirmation of the orthodox belief that Munkir and Nakir (two angels) appear in the grave and question the dead person about his or her religious beliefs. Ninth, to stand over the grave and to pray for the salvation of the dead person is a desirable act, as the dead person enjoys the intimacy and the visit of the righteous to his grave. This Hadith, therefore, recommends believers to pray for the firmness of the dead person.

## ফুটনোট

[1] মুসলিম ১২১, আহমাদ ১৭৩২৬, ১৭৩৫৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23681

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন